একাডেমীর উত্তম চর্চা (Best Practices) বিষয়ক প্রতিবেদন।

শিরোনাম : আইসিটি বিষয়ক শিক্ষক প্রশিক্ষণ কোর্সে Online নিবন্ধন।

উত্তম চর্চার বিবরণ: দেশের স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণ এ প্রতিষ্ঠানে সরকারি ভাবে আইসিটি প্রশিক্ষণ গ্রহণ করে থাকেন। নেকটার কর্তৃপক্ষ ইতোপূর্বে প্রশিক্ষণার্থী নির্বাচন প্রক্রিয়ায় দেশের জেলা প্রশাসক, জেলা শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসার, মাধ্যমিক শিক্ষা অফিসার এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ, প্রধান শিক্ষক ও মাদ্রাসার সুপারগণকে প্রার্থী তালিকা প্রেরণের অনুরোধ করা হতো। এ প্রক্রিয়ায় প্রশিক্ষণার্থী নির্বাচনে দীর্ঘ সময় লাগতো এবং জটিলতাও ছিল। ফলে নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থী তালিকা পাওয়া যেতো না এবং অনেকেই প্রশিক্ষণে অংশগ্রহণ করতেন না। ফলে একাডেমীর প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী যথাযথ ভাবে প্রশিক্ষণ পরিচালনায় জটিলতার সৃষ্টি হতো।

প্রশিক্ষণার্থী নির্বাচনের ক্ষেত্রে জটিলতা নিরসনের লক্ষ্যে বর্তমানে দেশের প্রত্যন্ত এলাকা থেকে আগ্রহী প্রার্থীগণকে স্ব স্ব প্রতিষ্ঠানের প্রধান ও ম্যানেজিং কমিটির সম্মতি সাপেক্ষে অনলাইনে নেকটারের নিজস্ব ওয়েবসাইটে সরাসরি আবেদন করার জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। ফলে শিক্ষক প্রশিক্ষণ কোর্সে শিক্ষকগণ সরাসরি আবেদন করতে পারে । এ পদ্ধতিতে স্বল্প সময়ে আগ্রহী প্রশিক্ষণার্থীগণ যথাযথভাবে অনলাইনে আবেদন করতে সক্ষম হচ্ছে এবং যথাসময়ে প্রশিক্ষণ শুরু করা সম্ভব হয়েছে।

ফলাফল: শিক্ষকগণ স্ব-উদ্যোগে আবেদন করায় যথাসময়ে সুষ্ঠুভাবে শিক্ষকগণের আইসিটি প্রশিক্ষণ কার্যক্রম পরিচলানা করে এপিএ এর লক্ষ্য পূরণ সম্ভব হচ্ছে।



উত্তম চর্চার শিরোনাম: প্রশিক্ষণার্থীদের অনলাইনে পরীক্ষা গ্রহণ।

উত্তম চর্চার বিবরণ: ইতোপূর্বে কোন প্রশিক্ষণার্থীর ক্লাস গ্রহণের পর তার অভিজ্ঞতা যাচাইয়ের জন্য কাগজে পরীক্ষা গ্রহন করা হতো। এতে কাগজ অপচয়ের পাশাপাশি ফলাফল প্রদানের ক্ষেত্রে সময়ের অপচয় হতো।

ফলাফল : বর্তমানে অনলাইনে পরীক্ষা গ্রহণের ফলে অল্প সময়ে দ্রুত ফলাফল প্রকাশ করা সম্ভব হচ্ছে।



উত্তম চর্চার শিরোনাম : বেকার যুব-যুব মহিলাদের বিনা মূল্যে প্রশিক্ষণ প্রদান।

উত্তম চর্চার বিবরণ : একাডেমীতে ৬মাস মেয়াদী অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স অন কম্পিউটার ট্রেনিং এ নির্ধারিত মূল্যের বিনিময়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। তবে গরিব বেকার যুব-যুব মহিলাদের জন্য বিনা মূল্যে কম্পিউটার বিষয়ক শর্ট কোর্স চালু করা হয়েছে। তারা নেকটার ফেসবুক পেজে বিজ্ঞাপন দেখে একাডমীর ওয়েবসাইডে আবেদন করতে পারেন।

ফলাফল : ডিজিটাল বাংলাদেশ গড়তে গরিব বেকার যুব-যুব মহিলাদের ভূমিকা রাখার পথ সুগম হয়েছে।

উত্তম চর্চার শিরোনাম : ৮ম ও নবম শ্রেণী ছাত্র/ছাত্রীদের বিনামূল্যে প্রশিক্ষণ প্রদান ।

উত্তম চর্চার বিবরণ : আইসি্টি বিষয়ে সম্যক ধারণা তৈরি করার জন্য নবাগত ৮ম ও ৯ম শ্রেণীর ছাত্র/ছাত্রীদের তাদের কম্পিউটার শিক্ষা পাঠ্যবইয়ের সিলেবাস অনুযায়ী বিনামূল্যে প্রশিক্ষণ প্রদান করা হয়। এতে নতুন ক্লাসে ভর্তির পুর্বেই সংশ্লিষ্ট সিলেবাসের সম্যক ধারণা লাভ করে।

ফলাফল : প্রশিক্ষণপ্রাপ্ত ৮ম ও ৯ম শ্রেণীর ছাত্র/ছাত্রীগণের কম্পিউটার শিক্ষা বইটির সিলেবাস শেষ করার ক্ষেত্রে কোন অসুবিধা হয় না।

উত্তম চর্চার শিরোনাম : মতামত বক্স স্থাপন।

উত্তম চর্চার বিবরণ : একাডেমীর প্রধান কাজ প্রশিক্ষণার্থীগণের প্রশিক্ষণ প্রদান করা এবং সরকারী নির্দেশ মোতাবেক কাজ করা। এক্ষেত্রে প্রশিক্ষণার্থীদের অথবা বহিরাগত ব্যক্তিবর্গের কোন অভিযোগ থাকতে পারে। ইতোপূর্বে অভিযোগ লিখিতভাবে পরিচালকের নিকট প্রদান করতে হতো। বর্তমানে সেবা গ্রহণকারী সেবা সহজীকরণের জন্য মতামত বক্স স্থাপন করা হয়েছে।

ফলাফল : মতামত বক্স স্থাপন করায় সেবা গ্রহণকারী সহজেই অভিযোগ প্রদান করতে পারছে।

উত্তম চর্চার শিরোনাম : সেবা গ্রহীতার জন্য অপেক্ষমান/বসার জন্য শেড তৈরি।

উত্তম চর্চার বিবরণ: আইসিটি বিষয়ক প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীগণ হোস্টেলে অবস্থান করে থাকেন। তারা ক্লাস রুমে ক্লাস করার পর হোস্টেলে যাওয়া ছাড়া কোন উপায় ছিল না। বর্তমানে করিডোরের সংগে ছাউনি তৈরি করে বসার স্থান তৈরি করায় প্রশিক্ষণার্থীগণ ল্যাবে ক্লাসের পর করিডোরের সাথে ছাউনিতে বসে যৌথভাবে ক্লাসের পড়া সম্পর্কে আলোচনা করতে পারে।

ফলাফল : প্রশিক্ষণার্থীগণের জ্ঞান চর্চার করার পথ সুগম হয়েছে।



উত্তম চর্চার শিরোনাম: রুম নির্দেশিকা প্লেট তৈরিকরণ।

উত্তম চর্চার বিবরণ : একাডেমীতে ফ্লোর অনুযায়ী কোন রুমে নির্দেশিকা প্লেট না থাকায় প্রশিক্ষাণার্থীগন ও বহিরাগত ব্যক্তিবর্গ কোন কর্মকর্তা-কর্মচারী কোন রুম বসে তা বের করা কষ্টসাধ্য ছিল। বর্তমানে তা সহজ হয়েছে।

ফলাফল : প্রশিক্ষাণার্থীগন ও বহিরাগত ব্যক্তিবর্গ কোন কর্মকর্তা-কর্মচারীকে খুঁজতে কোন বেগ পেতে হয় না।

উত্তম চর্চার শিরোনাম: নেকটার, বুগড়া'র সার্বিক কার্যক্রম সিসি ক্যামেরার মাধ্যমে অবলোকন।

উত্তম চর্চার বিবরণ: নেকটার, বুগড়া'র সার্বিক নিরাপত্তা প্রশিক্ষণ কার্যক্রমসহ দাপ্তরিক কার্যক্রম এবং কর্মকর্তা-কর্মচারীগণের আগমন গতিবিধি পর্যবেক্ষণের জন্য প্রতিষ্ঠানের সমগ্র ক্যাম্পাস এবং ক্লাস ল্যাবসমূহে সিসি ক্যামেরা প্রতিস্থাপন করা হয়েছে।

ফলাফল: সিসি ক্যামেরা প্রতিস্থাপনের ফলে প্রশিক্ষণার্থীগণ যথাযথভাবে প্রশিক্ষণ গ্রহণ এবং কর্মকর্তা- কর্মচারীগণ মনোযোগ সহকারে দাপ্তরিক কাজ করে থাকে। ল্যাবে কোন প্রশিক্ষণার্থী অমনোযোগী হলে কর্তৃপক্ষ তাৎক্ষনিক এ বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে পারছে।